

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
ট্যুরিস্ট পুলিশ হেডকোয়ার্টার্স
ফারিস্ট টাওয়ার, লেভেল (০৮, ০৯ ও ১০)
৩৫ তোপখানা রোড, ঢাকা-১০০০



বিজ্ঞপ্তি নং-৪৪.০১.২৬৬৭.৯৭৬.০২.০০৯.২৬- ০১/২০২৬

তারিখঃ ১৩ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ
২৮ সেপ্টেম্বর ২০২৬ খ্রি.

“নিয়োগ বিজ্ঞপ্তি”

ট্যুরিস্ট পুলিশ কার্যালয়ে নিম্নবর্ণিত শূন্য পদসমূহে বিধি মোতাবেক সরাসরি নিয়োগের জন্য পদের পার্শ্বে বর্ণিত শর্তে প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট হতে অনলাইন (<https://tphq.teletalk.com.bd>) ওয়েব সাইটে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। অনলাইন (Online) ব্যতীত কোনো আবেদন গ্রহণ করা হবে না। নিয়োগ সংক্রান্ত পূর্ণাঙ্গ বিজ্ঞপ্তিটি দেখার জন্য ট্যুরিস্ট পুলিশের ওয়েবসাইট <https://touristpolice.gov.bd> ও বাংলাদেশ পুলিশের ওয়েবসাইট www.police.gov.bd এছাড়াও টেলিটকের জব পোর্টাল <https://alljobs.teletalk.com.bd> ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে।

ক্রমিক নং	পদের নাম ও শূন্য পদের সংখ্যা	গ্রেড/বর্তমান বেতনস্কেল	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন
১.	স্টেনোগ্রাফার কাম- কম্পিউটার অপারেটর ০৭ (সাত)টি	গ্রেড-১৩ ২৪,০০০-৫৮,০০০/-	১. কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অনূন্য ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি। ২. কম্পিউটার MS Office এ কাজ করার দক্ষতা থাকতে হবে। ৩. ট্যুরিস্ট পুলিশের নিয়োগ বিধিমালার তফসিল-৭ অনুযায়ী স্টেনোগ্রাফার কাম-কম্পিউটার অপারেটর পদে আবেদনকারীকে কম্পিউটার অ্যাপটিচিউড টেস্টে উত্তীর্ণ হওয়ার পাশাপাশি কম্পিউটার মুদ্রাক্ষরের জন্য প্রতি মিনিটে সর্বনিম্ন বাংলায় ২৫শব্দ, ইংরেজিতে ৩০ শব্দ ও সাঁটলিপির জন্য প্রতি মিনিটে সর্বনিম্ন বাংলায় ৫০ শব্দ , ইংরেজিতে ৮০ শব্দ গতিসহ সাঁটলিপি নোট প্রতিলিপিকরণ (Transcribe Test) এ উত্তীর্ণ হতে হবে।	সকল জেলা
২.	কম্পিউটার অপারেটর ০২ (দুই)টি	গ্রেড-১৩ ২৪,০০০-৫৮,০০০/-	১. কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি। ২. সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ এর তফসিল-২ অনুযায়ী কম্পিউটার অপারেটর পদে আবেদনকারীকে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে।	
৩.	ক্যাশিয়ার ০১ (এক)টি	গ্রেড-১৬ ২১,৯০০-৫২,৯০০/-	১. কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ব্যবসায় শিক্ষা অনুষদের যে কোন বিষয়ে অনূন্য ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি: তবে শর্ত থাকে যে, কোন প্রার্থীর শিক্ষাজীবনে একাধিক ৩য় বিভাগ বা শ্রেণি বা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হবে না। ২. কম্পিউটার MS Office এ কাজ করার দক্ষতা থাকতে হবে।	

** Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময় ০১/১০/২০২৬ খ্রি. সকাল ১০.০০ ঘটিকা এবং আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ২৫/১০/২০২৬ খ্রি. বিকাল ০৪.০০ ঘটিকা পর্যন্ত। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে সার্ভিস চার্জসহ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

** যে-কোন ধরনের তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।



ট্যুরিস্ট পুলিশের নিয়োগ
বিজ্ঞপ্তি- এর QR Code



টেলিটকের ট্যুরিস্ট পুলিশের
পোর্টালে প্রবেশ- এর QR Code


২৮. ০৯. ২৬
(মোঃ মোখলেছুর রহমান, পিপিএম)
বিপি-৭৪০৫১০৪৭০৭
অতিরিক্ত ডিআইজি
পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ)
ও

সদস্য-সচিব, বিভাগীয় নির্বাচন কমিটি
ট্যুরিস্ট পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।
E-mail: spafitp@police.gov.bd

আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলী :

১. ট্যুরিস্ট পুলিশ, বাংলাদেশ এর (নন-পুলিশ কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা ও সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুসারে এবং বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ পর্যন্ত সরকার কর্তৃক সর্বশেষ জারিকৃত বিধি-বিধান অনুসারে নিয়োগ কার্যক্রম পরিচালিত হবে।
২. আবেদনকারীর বয়স ০১.১০.২০২৬খ্রি. তারিখে ১৮ থেকে অনূর্ধ্ব ৩২ বছরের মধ্যে হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
৩. লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদেরকে কোন প্রকার ভাতাদি প্রদান করা হবে না।
৪. ট্যুরিস্ট পুলিশ, বাংলাদেশ এর ওয়েবসাইট <https://touristpolice.gov.bd> এ নিয়োগ বিজ্ঞপ্তিসহ পরীক্ষার তারিখ, সময়, স্থান ও নিয়োগ সংক্রান্ত অন্যান্য সকল তথ্যাদি পাওয়া যাবে।
৫. নিয়োগের ক্ষেত্রে সরকার নির্দেশিত সর্বশেষ কোটা বন্টন (মেধাভিত্তিক-৯৩%; মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা, বীরোদ্ভা সন্তান-৫%; ক্ষুদ্র নৃগোষ্ঠী-১%; শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গ-১%) অনুসরণ করা হবে।
৬. অপেক্ষমান তালিকা হতে শূন্যপদ পূরণ সংক্রান্ত জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি-১ শাখার প্রজ্ঞাপন নং-০৫.০০.০০০০.১৭০.১১.০২০.২৪-২১৭, তারিখ-২৫/০৮/২০২৫খ্রি. যথাযথভাবে প্রতিপালন/অনুসরণ করা হবে।
৭. আবেদনকারীকে তার অর্জিত সঠিক (সর্বশেষ) শিক্ষাগত যোগ্যতা আবেদনপত্রে উল্লেখ করতে হবে। অর্জিত শিক্ষাগত যোগ্যতা গোপন রেখে পরবর্তীকালে তা প্রকাশ করে পদোন্নতি বা অন্য কোনো বৈধ সুযোগ-সুবিধা দাবি করলে তা গ্রহণযোগ্য হবেনা।
৮. আবেদনকারীর নাম, পিতার নাম, মাতার নাম, জন্ম তারিখ ও নিজ জেলাসহ সকল তথ্য স্বীকৃত শিক্ষাবোর্ড সনদে যেভাবে লেখা আছে অনলাইন আবেদনপত্রে হুবহু সেভাবে লিখতে হবে এবং কালার প্রিন্ট সংরক্ষণ করতে হবে।
৯. যদি কোনো প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোনো ফৌজদারী আদালত কর্তৃক নৈতিক স্বলনজনিত অভিযোগে দণ্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকেন তাহলে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।
১০. **Online-**এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময় ০১/১০/২০২৬ খ্রি. সকাল ১০.০০ ঘটিকা এবং আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ২৫/১০/২০২৬ খ্রি. বিকাল ০৪.০০ ঘটিকা পর্যন্ত। উক্ত সময়সীমার মধ্যে **User ID** প্রাপ্ত প্রার্থীগণ **Online-**এ আবেদনপত্র **Submit-**এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে সার্ভিস চার্জসহ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।
১১. বাছাইকৃত প্রার্থীদেরকে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে; লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে কম্পিউটার এ্যাপটিটিউড টেস্ট/Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে) এবং ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক সাক্ষাৎকারের জন্য আমন্ত্রণ জানানো হবে।
১২. মিথ্যা তথ্য দিয়ে পূরণকৃত আবেদন ফরম বাতিল বলে গণ্য হবে।
১৩. কোন প্রার্থী তথ্য গোপন করে চাকরি গ্রহণ করলে নিয়োগপত্র বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। আবেদনপত্রে উল্লেখিত তথ্যাদির কোথাও কোন ভুল প্রমাণিত হলে কিংবা অসম্পূর্ণ আবেদনপত্র/তথ্যাদির জন্য আবেদনপত্র কর্তৃপক্ষ বাতিল করতে পারবে।
১৪. নিয়োগকারী কর্তৃপক্ষ নিয়োগ প্রক্রিয়ার যে কোন পর্যায়ে পদের সংখ্যা বাড়ানো, কমানো, বাতিল বা প্রত্যাহার করার ক্ষমতা সংরক্ষণ করেন।
১৫. কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ নিয়োগ বিজ্ঞপ্তি সংশোধন, বাতিল এবং পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যু পরিবর্তন করতে পারবে। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
১৬. সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় কর্তৃপক্ষের অনুমতিপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে।
১৭. একজন প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবেন না।
১৮. লিখিত পরীক্ষায় এবং ব্যবহারিক পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে) উত্তীর্ণ পরীক্ষার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত (ক্রমিক 'ক' হতে 'ছ' পর্যন্ত) কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা দ্বারা সকল সনদের সত্যায়িত ছায়ািলপি দাখিল করতে হবে:
(ক) অনলাইন আবেদনপত্র এবং প্রবেশপত্রের হার্ডকপি;
(খ) সদ্য তোলা ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি;
(গ) সকল শিক্ষাগত যোগ্যতা ও দক্ষতার সনদ;
(ঘ) জাতীয় পরিচয়পত্র;
(ঙ) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তিপত্র;
(চ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ ও জন্ম নিবন্ধন সনদ;
(ছ) মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা ও বীরোদ্ভা সন্তানদের ক্ষেত্রে প্রমাণক হিসেবে সরকার কর্তৃক প্রদত্ত সর্বশেষ নির্দেশনা মোতাবেক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ; শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তরের অধীন জেলা সমাজসেবা অফিসের উপ-পরিচালক/সমমর্যাদা সম্পন্ন/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রদত্ত প্রতিবন্ধী সনদ; তৃতীয় লিঙ্গের প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত সনদ এবং ক্ষুদ্র নৃগোষ্ঠী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদের কপি।

১৯. ONLINE-এ আবেদনপত্র পূরণ সংক্রান্ত নির্দেশাবলি:

- (ক) আগ্রহী প্রার্থীগণ (<https://tphq.teletalk.com.bd>) ওয়েবসাইটে গিয়ে আবেদনপত্র পূরণ করতে পারবেন।
- (খ) ONLINE-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ০১/১০/২০২৬ খ্রি. সকাল ১০:০০ টা।
- (গ) ONLINE -এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ২৫/১০/২০২৬ খ্রি. বিকাল ৪:০০ টা পর্যন্ত। (উক্ত সময়সীমার মধ্যে USER ID প্রাপ্ত প্রার্থীগণ ONLINE -এ আবেদনপত্র SUBMIT এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন)
- (ঘ) ONLINE আবেদনপত্রে প্রার্থীকে তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ PIXEL xপ্রস্থ ৩০০ PIXEL) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ PIXEL *প্রস্থ ৮০ PIXEL) স্ক্যান করে নির্ধারিত স্থানে UPLOAD করতে হবে; ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ ৬০ KB হতে হবে।
- (ঙ) ONLINE এ পূরণকৃত আবেদনপত্রে প্রদত্ত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে সেহেতু ONLINE এ আবেদনপত্র SUBMIT করার পূর্বে প্রদত্ত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থীকে নিজে শতভাগ নিশ্চিত হতে হবে।
- (চ) প্রার্থীকে ONLINE এ পূরণকৃত আবেদনপত্রের একটি কালার প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনে ব্যবহারের জন্য সংরক্ষণ করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিতে হবে।
- (ছ) SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং Signature upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application preview দেখা যাবে। আবেদন Submit করা প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy-তে যদি কোনো ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে, তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে, আবেদন ফি জমাদানের পরে আর কোনো পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধনের সুযোগ থাকবে না। তাই, আবেদন ফি জমাদানের পূর্বে অবশ্যই Applicant's copy-তে প্রার্থীর সদ্য তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর রয়েছে মর্মে নিশ্চিত হয়ে প্রার্থীকে উক্ত Applicant's copy প্রিন্ট অথবা PDF COPY DOWNLOAD করে সংরক্ষণ করতে হবে। Applicant's copy তে একটি USER ID দেয়া থাকবে। উক্ত USER ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন TELETALK PRE-PAID MOBILE নম্বরের মাধ্যমে নিম্নোক্তভাবে ২(দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ১-৩ নং ক্রমিকে বর্ণিত প্রতিটি পদের জন্য ১১২/- (একশত বারো) টাকা [পরীক্ষার ফি ১০০/- এবং টেলিটকের সার্ভিস চার্জ ১২/- টাকা।] অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দেবেন।

প্রথম SMS:

TPHQ<SPACE>USER ID লিখে ১৬২২২ নম্বরে SEND করতে হবে।

EXAMPLE: TPHQ ABCDEF

REPLY: Applicant's Name, Tk. 112/56 will be charged as application fee. Your PIN is xxxxxxxxxxxx. To pay fee Type TPHQ<Space>Yes<Space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS:

TPHQ<SPACE>YES<SPACE>PIN লিখে ১৬২২২ নম্বরে SEND করতে হবে।

EXAMPLE: TPHQ YES 11111111

REPLY: Congratulations Applicant's Name, payment completed successfully for TPHQ Application for xxxxxxxxxxxxxxxx User ID is (ABCDEF) and Password (XXXXXXXXXX)

বিশেষভাবে উল্লেখ্য, ONLINE-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে SUBMIT করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত ONLINE আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না।

(চ) SMS এ প্রেরিত USER ID এবং PASSWORD ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্রটি DOWNLOAD পূর্বক PRINT (রঙিন) করে সংরক্ষণ করতে হবে এবং প্রার্থী কর্তৃক এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করতে হবে।

(ছ) প্রবেশপত্র সংগ্রহের নোটিশ <https://touristpolice.gov.bd> এ পাওয়া যাবে। এছাড়া প্রবেশপত্র সংগ্রহ সংক্রান্ত SMS যোগ্য প্রার্থীদের প্রদত্ত মোবাইল ফোন নম্বরে এসএমএস এর মাধ্যমে প্রেরণ করা হবে।

(জ) ONLINE আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোন নম্বরে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ করা হবে বিধায় উক্ত মোবাইল ফোন নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS করা এবং প্রাপ্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ঝ) শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ USER ID PASSWORD পুনরুদ্ধার করতে পারবেন:

১. USER ID জানা থাকলে:

TPHQ<SPACE>HELP<SPACE>USER<SPACE>USER ID লিখে ১৬২২২ নম্বরে SEND করতে হবে।

EXAMPLE: TPHQ HELP USER ABCDEF

২. PIN জানা থাকলে:

TPHQ<SPACE>HELP<SPACE>PIN<SPACE>PIN NO. লিখে ১৬২২২ নম্বরে SEND করতে হবে।

EXAMPLE: TPHQ HELP PIN ১২৩৪৫৬৭৮৯

(ঐ) ONLINE-এ আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে অথবা যেকোনো অপারেটরের ফোন থেকে ০১৫০০১২১১২১ নম্বরে কল করুন। এছাড়া alljobs.query@teletalk.com.bd এবং TPHQ প্রতিষ্ঠানের ইমেইলে এ যোগাযোগ করা যাবে। (MAIL SUBJECT ORGANIZATION NAME "TPHQ", POST NAME:***, APPLICANT'S USER ID CONTACT NUMBER অবশ্যই উল্লেখ করতে হবে।)



ট্যুরিস্ট পুলিশের নিয়োগ
বিজ্ঞপ্তি- এর QR Code



টেলিটকের ট্যুরিস্ট পুলিশের
পোর্টালে প্রবেশ- এর QR Code

২৬. ০১. ২৩

(মোঃ মোখলেছুর রহমান, পিপিএম)

বিপি-৭৪০৫১০৪৭০৭

অতিরিক্ত ডিআইজি

পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ)

ও

সদস্য-সচিব, বিভাগীয় নির্বাচন কমিটি

ট্যুরিস্ট পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।

E-mail: spafitp@police.gov.bd

BDGOVTJOB.NET